



স্বৈরাচার পুনরুত্থান ঠেকাতে ঐক্যের ডাক গৃহায়ন উপদেষ্টার



সংগৃহীত ছবি

গণতন্ত্রবিরোধী ফ্যাসিবাদী প্রবণতা এখনও মাথা তুলছে—এমন আশঙ্কা প্রকাশ করে গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান বলেছেন, স্বৈরশাসনের পুনরাবৃত্তি রোধে জনগণকে সচেতন ও ঐক্যবদ্ধ থাকতে হবে।

শনিবার (২৫ অক্টোবর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমান হলের অডিটোরিয়ামে আয়োজিত ‘গুম: ফ্যাসিবাদী শাসনের নিকৃষ্ট হাতিয়ার’ শীর্ষক সেমিনারে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন তিনি।

আদিলুর রহমান বলেন, “জুলাইয়ের গণঅভ্যুত্থান ছিল ফ্যাসিবাদের বিরুদ্ধে জনগণের ঐতিহাসিক জাগরণ। দমন-পীড়ন, ভয় ও নিপীড়নের যে সংস্কৃতি দীর্ঘ ১৭ বছর ধরে চলেছে, তা এই আন্দোলনের মাধ্যমে শেষ হওয়ার সূচনা হয়েছে। বাংলাদেশ এখন নতুন আশার পথে হাঁটছে।”

অনুষ্ঠানে ফ্যাসিবাদ আমলে গুমের শিকার ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমানের লেখা ‘আয়নাঘরের সাক্ষী: গুম জীবনের ৮ বছর’ বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। গণপূর্ত উপদেষ্টা বলেন, “গুম শুধু ব্যক্তির নিঃশেষ নয়, এটি সমাজে ভয় প্রতিষ্ঠার অস্ত্র। তাই আমাদের লক্ষ্য হওয়া উচিত—ন্যায়, গণতন্ত্র ও মানবিক মর্যাদার রাষ্ট্র প্রতিষ্ঠা।”